# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 08-11-2025** **Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বেনারস স্টেশন থেকে চারটি বন্দেভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেছেন।

প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লিতে সুপ্রিম কোর্টের আইনী সহায়তা পরিষেবা সম্প্রসারণ বিষয়ে জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ আফ্রিকার দুই দেশ অ্যাঙ্গোলা ও
বতসোয়ানা সফরে যাচ্ছেন।

৩) পয়লা ডিসেম্বর থেকে সংসদে শীতকালীন অধিবেশন শুরু হবে।

৪) ১৯৯৩ সালের মুম্বাই ধারাবাহিক বিস্ফোরণ মামলায় দুই প্রধান অভিযুক্তের জামিনের আবেদন, বিশেষ টাডা আদালতে খারিজ হয়ে গেছে।

৫) বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার ভোটের প্রচারাভিযান জোরদার হয়েছে।

৬) পুরুষদের টি ২০ ক্রিকেট সিরিজের পঞ্চম তথা শেষ ম্যাচে ভারত আজ, আয়োজক অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে বেনারস রেল স্টেশন থেকে চারটি নতুন বন্দেভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেছেন। এর মধ্যে রয়েছে বারানসী-খাজুরাহ, লক্ষ্ণৌ-সাহারানপুর, ফিরোজপুর-দিল্লী এবং এরনাকুলাম-বেঙ্গালুরু বন্দেভারত এক্সপ্রেস। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, নতুন এই ট্রেনগুলি একদিকে যেমন যাতায়াতের সময় কমাবে ,অন্যদিকে পর্যটনের উন্নয়ন, আঞ্চলিক যোগাযোগ বৃদ্ধি এবং দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের বিকাশেও সহায়ক হবে। তিনি বলেন, সারা পৃথিবীতে পরিকাঠামো উন্নয়ন এক একটি দেশের অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। প্রধানমন্ত্রী কাশী তথা উত্তরপ্রদেশের উন্নয়নের সঙ্গে পর্যটনের বিকাশের কথা বলেন।

বাইট

রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, বারানসী-খাজুরাহ বন্দেভারত এক্সপ্রেস, এই দুটি স্থানের মধ্যে কম সময়ে সরাসরি সংযোগ স্থাপন করবে । এই ট্রেনটি বারানসী, প্রয়াগরাজ, চিত্রকুট, খাজুরাহের মত ধর্মীয় ও সাংস্কৃতিক স্থানগুলির মধ্যে যোগোযোগ স্থাপন করবে।

অন্যদিকে, লক্ষ্ণৌ- সাহারনপুর বন্দেভারত এক্সপ্রেস ট্রেনে যাত্রার সময় এক ঘণ্টা কমবে। লক্ষ্ণৌ, সীতাপুর, শাহজাহানপুর, বেরেলি, মোরাদাবাদ, বিজনৌর ও সাহারানপুরের যাত্রীরা নতুন এই বন্দেভারত ট্রেনের ফলে উপকৃত হবেন।

এ ছাড়া ফিরোজপুর- দিল্লি বন্দে ভারত হবে এই রুটের দ্রুততম ট্রেন। জাতীয় রাজধানীর সঙ্গে ফিরোজপুর, ভাতিন্দা ও পাতিয়ালার মতো পাঞ্জাবের গুরুত্বপূর্ণ শহর গুলির মধ্যে সংযোগ স্থাপন করবে এই ট্রেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী গত সন্ধ্যায় বারানসী পৌঁছন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান উত্তরপ্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল ও মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। উপস্থিত ছিলেন দলের কর্ম কর্তা ও অসংখ্য সাধারণ মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে নতুন দিল্লিতে সুপ্রিম কোর্টের আইনি সহায়তা পরিষেবা আরো সম্প্রসারিত করার লক্ষ্যে জাতীয় সম্মেলনের সূচনা করবেন। জাতীয় আইনি পরিষেবা কর্তৃপক্ষ- নালসা-র তৈরী মধ্যস্থতা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচীর'ও সূচনা করবেন তিনি। সেখানে এক সমাবেশেও ভাষণ দেবেন।

দুদিনের এই সম্মেলনে, আইনি সহায়তা প্রতিরোধ ব্যবস্থা প্যানেল ল'ইয়ার, প্যারালিগাল ভলেন্টিয়ার, স্থায়ী লোক আদালত এবং আইনি প্রতিষ্ঠানগুলির অর্থনৈতিক পরিচালন ব্যবস্থা সহ আইনি পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলাপ আলোচনা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরাখন্ড রাজ্য গঠনের রৌপ্যজয়ন্তী অনুষ্ঠানে অংশ নিতে আগামীকাল দেরাদুন যাবেন। তাঁর সফরকালে প্রধানমন্ত্রী এই উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করবেন। এছাড়াও তিনি আট হাজার কোটি টাকা মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে সূচনা এবং ন'শো তিরিশ কোটি টাকার কয়েকটি প্রকল্পের উদ্বোধন করবেন। অন্যদিকে, সাত হাজার দু'শো কোটি টাকার প্রকল্পের শিলান্যাস করবেন। তিনি প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার আওতায়, আটাশ হাজারের বেশী কৃষকের জন্য ৬২ কোটি টাকা প্রদান করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ দু দেশ সফরে অ্যাঙ্গোলা এবং বতসোয়ানায় যাচ্ছেন। সফরের প্রথম পর্যায়ে, রাষ্ট্রপতি অ্যাঙ্গোলার রাষ্ট্রপতি জোয়াও ম্যানুয়েল

গনসালভেস লরেঙ্কোর আমন্ত্রণে সেই দেশ সফর করবেন। ভারত এবং অ্যাঙ্গোলা এই বছর কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার চল্লিশতম বার্ষিকী উদযাপন করছে।

সফরকালে, রাষ্ট্রপতি মুর্মু আগামীকাল রাষ্ট্রপতি লরেঙ্কোর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। তিনি এই মাসের ১১ তারিখে অ্যাঙ্গোলার স্বাধীনতার ৫০-তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দেবেন। রাষ্ট্রপতি মুর্মু অ্যাঙ্গোলার সংসদে ভাষণ দেওয়া এবং অ্যাঙ্গোলায় প্রবাসী ভারতীয়দের সঙ্গে মতবিনিময়ের কথা রয়েছে।

উল্লেখ্য ভারত এবং অ্যাঙ্গোলা মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমশই তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। রাষ্ট্রপতির এই সফরে দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে পূর্ণ পরিসরে পর্যালোচনা করা এবং পারস্পরিক সহযোগিতাকে আরো গভীর করার সুযোগ রয়েছে।

সফরের দ্বিতীয় পর্যায়ে, রাষ্ট্রপতি মুর্মু আগামী ১১ নভেম্বর বতসোয়ানায় যাবেন। এই সফরের ফলে ভারত ও বতসোয়ানায় মধ্যে দীর্ঘস্থায়ী এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার হয়ে উঠবে। সফরকালে রাষ্ট্রপতি বতসোয়ানায় রাষ্ট্রপতি ডুমা গিডিয়ন বোকুনের সঙ্গে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন।

oooooooooooooooooooooooooooo

পয়লা ডিসেম্বর থেকে সংসদের শীতকালীন অধিবেশন শুরু হবে। সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অধিবেশন ডাকার বিষয়ে সরকারের প্রস্তাব অনুমোদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী রিজিজু জানান, ১৯ শে ডিসেম্বর পর্যন্ত চলবে এই অধিবেশন। তিনি এই অধিবেশনে অর্থপূর্ণ ও গঠনমূলক আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আহ্বান করেছেন।

ooooooooooooooooooooooooooooo

১৯৯৩ সালের মুম্বাই ধারাবাহিক বিস্ফোরণ মামলায় দুই প্রধান অভিযুক্তের জামিনের আবেদন, বিশেষ টাডা আদালতে খারিজ হয়ে গেছে। গতকাল আদালতের বিচারক ভি ডি কেদার এই মামলার দুই প্রধান অভিযুক্ত মুন্না হালারি এবং সোয়েব কুরেশির জামিনের আবেদন খারিজ করে দেন। গুজরাটের বিশেষ পুলিশ দল সাতাশ বছর ধরে লুকিয়ে থাকার পর, তাদের গ্রেপ্তার করেছে। হালারির বিরুদ্ধে সন্ত্রাসবাদীদের সরাসরি সাহায্য করার অভিযোগ রয়েছে। অন্যদিকে কুরেশি পাকিস্তানের অস্ত্র প্রশিক্ষণ নিয়ে সন্ত্রাসবাদীদের সঙ্গে যোগ দিয়েছিল। এই মামলায় ইতিমধ্যেই ১৬ জন সাক্ষীর জবানবন্দী নেওয়া হয়েছে।

উল্লেখ্য, ১৯৯৩ সালে মুম্বাইয়ে এই ধারাবাহিক বিস্ফোরণে ২৫৭ জন নিহত এবং সাতশোর বেশী মানুষ আহত হয়েছিলেন।

oooooooooooooooooooooooooooo

ছত্তিশগড়ের গড়িয়াবন্ধ জেলায় সাতজন মাওবাদী পুলিশের কাছে আত্মসমর্পন করেছে। গতকাল রায়পুর রেঞ্জের IG পুলিশ অমরেশ মিশ্রের কাছে তারা অস্ত্র সমর্পন করে। এদের কাছ থেকে ছ’টি আগ্নেয়াস্ত্র পাওয়া গেছে। এই সব মাওবাদীদের গ্রেপ্তারীর জন্য ৩৭ লক্ষ টাকার পুরস্কার ঘোষণা করা হয়েছিল।

oooooooooooooooooooooooooooo

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান আরও জোরদার হয়ে উঠছে। এনডিএ এবং মহাজোটের তারকা নেতারা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

বিজেপির শীর্ষ নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সীতামারিতে জনসভা করছেন এবং বেতিয়ায় নির্বাচনী জনসভা করবেন। দলের প্রবীণ নেতা কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং – এর আজ রোহতাস এবং কৈমুর জেলায় তিনটি জনসভা করার কথা রয়েছে। অপর

কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহও কাটিহারে জনসভায় ভাষন দেবেন। এন ডি এ প্রার্থীদের সমর্থনে বিভিন্ন জায়গার প্রচারে অংশ নেবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব প্রমুখ।

অন্যদিকে, মহাজোটের প্রবীণ কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী আজ কাটিহারে দুটি নির্বাচনী র‍্যালীতে ভাষন দেবেন। জোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী প্রসাদ যাদব জামুই, নওয়াদা, গয়া এবং জেহানাবাদে ১৮ টি জনসভা করবেন।

উল্লেখ্য, রাজ্যে দ্বিতীয় দফায় ২০ টি জেলার ১২২ টি আসনে আগামী ১১ই নভেম্বর ভোটগ্রহন। প্রথম পর্বের ভোটগ্রহণে রেকর্ড ৬৪ দশমিক ছয় ছয় শতাংশ ভোট পড়েছে। গণনা ১৪ নভেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষ আজ নতুন দিল্লির জাতীয় মিউজিয়াম থেকে ভুটানে নিয়ে যাওয়া হবে। সেখানে ১১ দিন তা' রাখা থাকবে জনগণের শ্রদ্ধা নিবেদনের উদ্দেশে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন দপ্তরের মন্ত্রী ডক্টর বীরেন্দ্র কুমার, এই সংক্রান্ত এক প্রতিনিধি দলে নেতৃত্ব দেবেন।

সংস্কৃতি মন্ত্রক জানিয়েছে, থিম্ফু-তে বিশ্ব শান্তি প্রার্থনা উৎসবের অঙ্গ হিসেবেই পবিত্র দেহাবশেষের এই প্রদর্শনী। চতুর্থ ভুটান নরেশ জিগমে সিঙ্গে ওয়াংচুকের ৭০-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই উৎসবে বিশ্ব শান্তি ও মানবতার বিকাশের লক্ষ্যে প্রার্থনা জানানো হবে। তাশিচো জং-এর কুয়েনরি হলে এই দেহাবশেষ রাখা থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি -২০২৫,এ মাসের ২০ তারিখে গোয়ার পানাজিতে শুরু হচ্ছে। চলবে ২৮ শে নভেম্বর পর্যন্ত।

তথ্য সম্প্রচার প্রতিমন্ত্রী ডক্টর এল মুরুগান গতকাল নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে বলেন, গোয়াতে আসন্ন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি -২০২৫, নির্মাতাদের সঙ্গে সারা বিশ্বের সেতু রচনা করবে। ডক্টর মুরুগান বলেন, এবারের উৎসবে ৮১ টি দেশের ২৪০ টি ছবি দেখানো হবে। ভারতীয় সিনেমার সামনে ইফি এক বিশ্বজনীন মঞ্চ তৈরী করবে। নারীশক্তির প্রতি সরকারের দৃষ্টভঙ্গীকে প্রাধান্য দিয়ে মহিলা পরিচালিত ৫০ টি চলচ্চিত্র এবছর প্রদর্শিত হবে।

oooooooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, আগামী বছর তিনি ভারত সফরে আসতে পারেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তাঁকে এদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন উল্লেখ করে রাষ্ট্রপতি ট্রাম্প শ্রী মোদীকে একজন মহৎ ব্যক্তিত্ব ও গুরুত্বপূর্ণ বন্ধু হিসেবে উল্লেখ করেন।

উল্লেখ্য, নতুন দিল্লিতে কোয়াড সম্মেলনের জন্য অস্ট্রেলিয়া, জাপান, ও মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ নেতৃবৃন্দ এদেশ সফর করবেন। তবে এর দিনক্ষণ এখনো চূড়ান্ত হয়নি।

ooooooooooooooooooooooooooo

বরিষ্ঠ বিজেপি নেতা লাল কৃষ্ণ আদবানীর ৯৮ তম জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী, শ্রী আদবানীর সুস্বাস্থ্য এবং উন্নত জীবন প্রার্থনা করেন। আদবানীজীকে দূরদৃষ্টি ও বুদ্ধিমত্তাসম্পন্ন এক রাষ্ট্রনেতা হিসেবে উল্লেখ করে শ্রী মোদী বলেন, দেশের অগ্রগতিকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে তাঁর ভূমিকা অনবদ্য।

oooooooooooooooooooooooooooo

পুরুষদের টি ২০ ক্রিকেট সিরিজের পঞ্চম তথা শেষ ম্যাচে ভারত আজ, আয়োজক অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। ব্রিসবেনের গাব্বায় খেলা শুরু হবে ভারতীয় সময় বেলা ১টা ৪৫ মিনিটে।

কুইন্সল্যান্ডের কাররারা  ওভালে চতুর্থ ম্যাচে ভারত ৪৮ রানে অস্ট্রেলিয়া কে হারিয়ে দেয়।

এই জয়ের সুবাদে তারা ২-১ এ সিরিজে এগিয়ে রয়েছে।

oooooooooooooooooooooooo

শারীরবিদ্যা ঔষধের জন্য নোবেল পুরস্কার প্রাপক মার্কিন বিজ্ঞানী জেমস ওয়াটসন প্রয়াত হয়েছেন। গত বৃহস্পতিবার তিনি তাঁর বাড়ীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ১৯৫৩ সালে তিনি ফ্রান্সিস ক্রিকের সঙ্গে যৌথভাবে DNA র ডবল হেলিক্স এর গঠন আবিস্কার করেন। ১৯৬২ সালে তিনি ক্রিক, মরিস উইলকিন্স শারীরবিদ্যায় যৌথভাবে নোবেল পুরস্কার পান। পরে জাতিতত্ত্ব ও বুদ্ধিবৃত্তি নিয়ে বিতর্কিত মন্তব্য করে বিজ্ঞানীমহলে নিন্দিত হন। একসময় তিনি তাঁর নোবেল পুরস্কার বিক্রি করে বিতর্ক সৃষ্টি করেন।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo